পথসভায় রাষ্ট্র পুনর্গঠনের পরিকল্পনা তুলে ধরলেন তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

বনানীর নির্বাচনী পথসভায় তারেক রহমান বলেন, দেশ পরিচালনার অভিজ্ঞতা কাজে লাগিয়ে রাষ্ট্রকে নতুনভাবে গড়তে চায় বিএনপি। জনগণের প্রত্যাশা মাথায় রেখে দল পরিকল্পনা সাজিয়েছে বলেও জানান তিনি।

ফ্যামিলি কার্ড ও কৃষি কার্ডের গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, এসব উদ্যোগ মানুষের জীবনযাত্রায় সরাসরি সহায়তা দেবে।

তরুণদের দক্ষতা বাড়াতে দেশজুড়ে আধুনিক প্রশিক্ষণকেন্দ্র গড়ে তোলার কথা জানান তিনি, যাতে দেশে ও বিদেশে কর্মসংস্থানের সুযোগ তৈরি হয় এবং বেকারত্ব কমে।

বিদেশগামীদের আর্থিক সংকটের কথা উল্লেখ করে তারেক রহমান বলেন, সহজ শর্তে ব্যাংক ঋণের ব্যবস্থা করা হবে, যাতে জমিজমা বিক্রি না করেই বিদেশে যাওয়ার খরচ মেটানো যায় এবং পরে উপার্জন থেকে তা পরিশোধ করা সম্ভব হয়।

ধর্মীয় নেতাদের জন্য সম্মানীর ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়ে তিনি বলেন, এতে তারা সমাজে মর্যাদার সঙ্গে জীবনযাপন করতে পারবেন।

ঢাকা-১৭ এলাকার যানজট, জলাবদ্ধতা ও বায়ুদূষণ সমস্যা সমাধানে সম্মিলিত উদ্যোগের আহ্বান জানান তিনি।

খালেদা জিয়ার প্রসঙ্গ টেনে তিনি বলেন, কঠিন সময়েও তিনি দেশ ছাড়েননি; মানুষের সঙ্গেই থেকেছেন। সেই দায়বদ্ধতার কথা স্মরণ করিয়ে দেন তারেক রহমান।

শেষে তিনি বলেন, সুসংগঠিত কর্মসূচি নিয়ে বিএনপি দেশ গঠনে প্রস্তুত এবং অতীতের মতো জনগণের সমর্থনই তাদের প্রধান শক্তি।